



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

হিসাব ও অর্থ বিভাগ

১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.৯৪০০৪, ১৮-২৩

তারিখঃ ০৮ /০৩/২০১৯ খ্রি।

বিষয়ঃ ৪ অঞ্চলী ব্যাংক (ফুলতলা, কাজদিয়া ও চুকনগর) শাখার খুলনা কর্তৃক পরিশোধিত খাদ্যশস্য সংগ্রহ বিলের মূল্য পুনর্ভরণ  
বিলে সোনালী ব্যাংক লিঃ কর্তৃক দাবীকৃত বিলের অর্থ হতে কমিশন ও ভ্যাট কর্তন প্রসঙ্গে।

সূত্রঃ ৪ অঞ্চলী ব্যাংক লিঃ প্লানিং কো-অডিনেশন এন্ড মার্কেটিং ডিভিশন এর পিসি এমডি/খাদ্য সংগ্রহ/০৪৪/১৯ নং-স্মারক তাৎ-  
২৯/০১/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা এবং কৃষকদের প্রদানের মূল্য প্রদানকল্পে  
অভ্যন্তরীণ উৎস হতে খাদ্যশস্য (চাল/গম/ধান) সংগ্রহ অভিযানে রাস্তায় মালিকানাধীন ব্যাংক পেয়িং ব্যাংক হিসেবে কার্যক্রম করে  
থাকে। এর মধ্যে সোনালী ব্যাংক লিঃ (WQSC) এর মাধ্যমে সংগৃহীত খাদ্য শস্যের মূল্য পরিশোধ এবং একমাত্র ট্রেজারী ব্যাংক  
হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছে।

খুলনা অঞ্চলীয় ০৩(তিনি) টি শাখা (ফুলতলা, কাজদিয়া, চুকনগর) এর মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস  
কর্তৃক WQSC এর মাধ্যমে মিলারদের নামে ইস্যুকৃত খাদ্যশস্য সংগ্রহের বিল পরিশোধের পর তা সমন্বয়ের জন্য স্থানীয় সোনালী  
ব্যাংক বিল শাখা হতে এ যাবতকাল নগদ প্রদান করা হয়েছে। সম্প্রতি সোনালী ব্যাংক লিঃ, কাজদিয়া, ফুলতলা, চুকনগর শাখা হতে  
জানানো হয়েছে যে, “এখন হতে নগদে খাদ্যশস্য সংগ্রহ বিল পরিশোধ করা যাবে না। তৎপরিবর্তে ডিডি ইস্যু করার মাধ্যমে বিলের  
অর্থ পরিশোধ করা হবে এবং এজন্য প্রযোজ্য হারে ডিডি কমিশন ও ভ্যাট প্রদান করতে হবে। এহেন অবস্থায় পেয়িং ব্যাংক কর্তৃক  
যে পরিমাণ বিল পরিশোধ করা হয় তা থেকে কম পুনর্ভরণ পেয়ে থাকে। কর্তনকৃত কমিশন ও ভ্যাট এর সমপরিমান অর্থ খাদ্যশস্য  
বিলের বিপরীতে অসম্ভবিত থেকে যাচ্ছে।

এমতাবস্থায়, সরকারী অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রমের পরিশোধিত খাদ্যশস্য বিলের মূল্য পুনর্ভরণ প্রদানকালে  
নগদে পরিশোধ অথবা ডিডির মাধ্যমে পরিশোধের সময় কোন কমিশন বা ভ্যাট কর্তন না করে দাবীকৃত বিলের সমপরিমান অর্থ  
পুনর্ভরণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্ত- সংশ্লিষ্ট ----- পাতা

স্থানঃ—  
(মোঃ আরিফুর রহমান অপ)

মহাপরিচালক

ফোন-৯৫৮৪৮৩০৮

মহাব্যবস্থাপক

(গৱর্নমেন্ট একাউন্টস সার্ভিসেস ডিভিশন)

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.৯৪০০৪, ১৮-২৩/১৪)

তারিখঃ ০৮ /০৩/২০১৯ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি :-

১। মহাব্যবস্থাপক, পেমেন্ট সিস্টেমস, ডিপটিমেন্ট, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা।

২। মহাব্যবস্থাপক, অঞ্চলী ব্যাংক লিঃ (প্লানিং, কো-অডিনেশন এন্ড মার্কেটিং ডিভিশন) ৩৭, দিলকুশা, বা/এ, সানমুন ষ্টার টাওয়ার  
(১২ তলা), ঢাকা।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।

৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট খাদ্য ভবন, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ  
করা হলো।)

(মোঃ মাহমুদ হাসান)

পরিচালক

ফোন নং-৯৫৫৬৩০৬

*Arifur  
১০/০৩/১৯*